



**নির্মাণাধীন সর্বাধুনিক সুবিধাদি সম্বলিত জেলা পরিষদ টাওয়ারে স্পেস ভাড়া দেওয়ার  
দরপত্র বিজ্ঞপ্তি**

চট্টগ্রাম মহানগরীর কোতোয়ালী থানার অন্তর্গত আন্দরকিছা মৌজার কোর্টরোড সংলগ্ন অত্যন্ত আকর্ষণীয় লোকেশনে নির্মাণাধীন ১৮ তলা বিশিষ্ট জেলা পরিষদ টাওয়ার (অফিস কাম বাণিজ্যিক ভবন) এর নিম্নোক্ত স্পেসসমূহ অগ্রহী ব্যবসায়িক প্রতিষ্ঠানের নিকট ও (তিন) বৎসর মেয়াদে (নবায়নযোগ্য) ভাড়া প্রদান করা হবে। অগ্রহী প্রতিষ্ঠানকে নির্ধারিত ফরমে আবেদন প্রতি বর্গফুটের বিপরীতে মাসিক ভাড়ার হার এবং প্রয়োজনীয় স্পেসের পরিমাণ ও লোকেশন উল্লেখ পূর্বক মুখবন্ধ খামে নিম্ন-স্বাক্ষরকারীর অফিসকক্ষে রক্ষিত দরপত্র বাক্সে আগামী ০৮/০৯/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১.০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে। একই দিন দুপুর ২.০০ ঘটিকার সময় নিম্ন-স্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত দরদাতা বা তাদের প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে। অগ্রহী প্রতিষ্ঠানকে আবেদনের সাথে উদ্ধৃত হারে মোট স্পেসের ১(এক) বছরের সমপরিমাণ ভাড়া ভ্যাট ও আইটিসহ নিম্ন-স্বাক্ষরকারীর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) আকারে জমা দিতে হবে এবং যেকোন তলার কমপক্ষে ২০০০ বর্গফুট স্পেসের জন্য আবেদন করতে হবে। সিডিউলসহ প্রতিটি দরপত্র ফরম নগদ ২,০০০/ (দুই হাজার) টাকা মূল্যে (অফেরতযোগ্য) জেলা পরিষদ কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে আগামী ০৭/০৯/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ক্রয় করা যাবে। ইজারা সংক্রান্ত বিস্তারিত শর্ত ও তথ্যাবলী অফিস চলাকালীন অফিস থেকে জানা যাবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

**স্পেসের বিবরণ**

ক্রমিক	ফ্লোর	মোট স্পেস	ব্যবহারের ধরণ
১	লেভেল ১ (নীচ তলা)	১২৭৪৩.১৯ বর্গফুট	ব্যাংক/বীমা/ আর্থিক প্রতিষ্ঠান/ অফিস স্পেস/ব্রান্ডেড কোম্পানীর শো রুম
২	লেভেল ২ (২য় তলা)	১৫২৯৮.২১ বর্গফুট	
৩	লেভেল ৩ (৩য় তলা)	১৫৪১৬.০০ বর্গফুট	
৪	লেভেল ৭-১৪ (৭ হতে ১৪ তলা)	প্রতি তলা ১১০৮৫.৭৬ বর্গফুট	
৫	লেভেল ১৫ (১৫ তলা)	৯৯৫৫.৬৮ বর্গফুট	
৬	লেভেল ১৬ (১৬ তলা)	১৩১৩৫.২৬ বর্গফুট	রেস্টুরেন্ট/ফুডকোর্ট

২৫/০৮/২২

শাকির ইকবাল

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, চট্টগ্রাম

ফোন : ০২-৩৩৩৩৫৮৯১৮

ফ্যাক্স : ০৩১-৬১০২৮৮

E-mail : zpchattagong@lqd.gov.bd